# নজরুল প্রতিভা

ড. লায়েক আলি খান



নজরুল প্রতিভা । ড. লায়েক আলি খান

# নজরুল প্রতিভা

AMITRAKSHAR PUBLISHERS
AN ISO 9001:2015/QMS/092020/19534

# নজরুল প্রতিভা

ড. লায়েক আলি খান
এম.এ., পিএইচ.ডি., ডি. লিট্

AMITRAKSHAR PUBLISHERS
AN ISO 9001:2015/QMS/092020/19534

1st Published
on
**30th November 2024**
by
**Amitrakshar™**
**Publishers**
**Kolkata-700068**
Copyright © reserved by Dr. Layak Ali Khan
**ISBN: 978-93-6008-632-9**
(Hardback)
**Price : 400.00**
Title of the Book:
**নজরুল প্রতিভা**
**(Najarula Pratibhā)**
Author –
**লেখক: ড. লায়েক আলি খান**
**(Dr. Layak Ali Khan)**
Language: Bengali
Publisher and Type setter:
Author Typeset in Avra Kalpurush
Page No.: 236
Printed by: Amitrakshar Publishers & M. Enterprises
Website: www.amitrakshar.co.in
Email id: amitraksharpublishers@gmail.com
Phone number: 9735768900

**Published by:**

**Office: 1/199, Jodhpur Park, Gariahat Road, Kolkata -700068**

*All rights reserved. No part of this book may be reprinted or reproduced or utilised in any Form or by any electronic, mechanical or other means, now known or hereafter invented, including, photocopying and recording, or in any information storage or retrieval system, without permission in writing from the publisher.*

‘দেশ কালের জরা-শোক-অবক্ষয়
অন্ধকারকে নীলকণ্ঠের মত ধারণ ক’রে
প্রজ্জ্বলন্ত আকাঙ্ক্ষার, আনন্দের,
সংগ্রামের আলোকিত চেতনাকে যাঁরা
বিশ্বলোকে পৌঁছে দিতে সক্ষম, তাঁরাই
মহৎ। তেমনি এক মহৎ প্রতিভা
আপনি কাজী নজরুল ইসলাম।

... ... ...

বাংলা সাহিত্যের ইতিহাসে আপনিই
একমাত্র কবিপ্রতিভা যিনি ঐতিহ্য
সন্ধানে এবং নির্মাণে ছিলেন স্বচ্ছন্দ,
নির্দ্বন্দ্ব। হিন্দু ও মুসলমান, জাতিক ও
আন্তর্জাতিক উভয় ঐতিহ্যকেই আপনি
আপনার স্বায়ত্বশাসিত চেতনার শব্দরূপে
ব্যবহার করেছেন। আপনার
জীবন-সম্পৃক্ত ঐতিহ্যবোধ, ধর্মকথার
সীমাবদ্ধতা থেকে ঐতিহ্যকে মুক্তি
দিয়েছে। আপনি বাঙালী ঐতিহ্যের
পুনঃর্নির্মাতা, নবভাষ্যকার।’

ঢাকা বিশ্ববিদ্যালয়ের
সমাবর্তনে কবিকে
সম্মানসূচক ডি. লিট্
প্রদান করা হয়
(১৯৭৪, ৯ ডিসেম্বর)।
সেই উপলক্ষ্যে রচিত
পরিচিতি পত্রের
অংশ বিশেষ।

ইরানীকে

# নতুন সংস্করণের ভূমিকা

'নজরুল প্রতিভা'র প্রথম সংস্করণ প্রকাশিত হয়েছিল আজ থেকে ৩৬ বছর আগে। মাঝে আরো দুটি সংস্করণ হলেও দীর্ঘদিন বইটি দুস্প্রাপ্য। অমিত্রাক্ষর প্রকাশনীর তরুণ প্রকাশক স্নেহভাজন অমিতের ঐকান্তিক চেষ্টায় বইটির এই নতুন সংস্করণ প্রকাশিত হোলো। আগের প্রবন্ধগুলিতে সে সব ক্ষেত্রে তথ্যগত বা বিবেচনাগত কোনো ভুল নজরে পড়েছে তা সংশোধন করা হয়েছে। তাছাড়া এই সংস্করণে 'বাংলা শিশু সাহিত্য ও নজরুল ইসলাম' নামে ছোট একটি লেখা যোগ করা হোলো নজরুলের লেখা ছোটদের কবিতা বুঝতে এই লেখাটি কাজে লাগতে পারে বিবেচনায়।

এই সংস্করণের প্রুফ মেলাতে, সংসারের কাজের ফাঁকে বিশ্রামের সময়টুকু আমাকে দিয়েছেন ইরানী খান। তাঁকে উৎসর্গ করা এ বইটি এই সুবাদে তাঁর নতুন করে পড়া হোলো বলে তিনি জানিয়েছেন।

নজরুল সাহিত্যচর্চায় বইটি কাজে লাগলে শ্রমসার্থক হবে।

বইমেলা, 2025 **লায়েক আলি খান**

# তৃতীয় সংস্করণের ভূমিকা

নজরুল প্রতিভার ২য় সংস্করণ প্রকাশিত হয়েছিল ১৯৯৮তে। মধ্যবর্তী কালপর্বে বইটি সম্পর্কে অনেকেই আগ্রহ দেখিয়েছেন। এবং বিগত কয়েক বছর বাজারে নজরুল প্রতিভা নিঃশেষিত বলে ছাত্রছাত্রীরা ও খোঁজখবর নিচ্ছেন বইটির। এর মধ্যে নবজাতক প্রকাশনীর কর্ণধার শ্রদ্ধেয় মজহারুল সাহেব প্রয়াত এবং কলেজ স্ট্রিটের সেই আশ্রয় থেকে প্রতিষ্ঠানটি ছিন্নমূল বলে তাঁর উত্তরাধিকারী স্নেহভাজন বুলবুল ইসলাম বইটির তৃতীয় সংস্করণ প্রকাশ করার পরিস্থিতিতে নেই। এই পরিস্থিতিতে তরুণ প্রকাশক গোপীনাথ পালুই এগিয়ে এলেন নজরুল প্রতিভার তৃতীয় সংস্করণ প্রকাশের দায়িত্ব নেবার জন্য। যথারীতি এ প্রস্তাবে আমি সানন্দে সম্মতি দিয়েছি। এই তৃতীয় সংস্করণ প্রকাশ করার নেপথ্যে আরো যেসব নিকটজনেরা আছেন গ্রন্থ প্রকাশের শুভ লগ্নে সকলকে আমার কৃতজ্ঞতা জানাই।

বর্তমান সংস্করণে কয়েকটি নতুন প্রবন্ধ সংযুক্ত হয়েছে। কয়েকটি প্রবন্ধের সংযোজন বিয়োজন ও ঘটাতে হয়েছে। বিভিন্ন পত্র-পত্রিকা ও সভাসমিতিতে যে সব বক্তব্য রাখতে হয়েছিল সেই সুবাদে এইসব লেখার জন্ম বলে অনেক ক্ষেত্রেই বক্তব্যের পুনরাবৃত্তি ঘটেছে। এজন্য পাঠকের কাছে আগাম মার্জনা চেয়ে রাখি। বইটির যতটা সম্ভব পূর্ণতা দেবার চেষ্টায় পরিশিষ্টে নজরুল জীবনী ও রচনাবলীর সংক্ষিপ্ত পরিচয় যোগ করা হোলো।

বর্ধমান সহ পশ্চিমবঙ্গের আরো দু'একটি বিশ্ববিদ্যালয়ে স্নাতক ও স্নাতকোত্তর বিভাগে নজরুলসাহিত্য পাঠ্য করা হয়েছে। ফলে এই সময়ে বাজারে নজরুল বিষয়ক ছোট বড় বইর সংখ্যাধিক্য। এর মধ্যে নজরুল প্রতিভার তৃতীয়সংস্করণের নবীন এই প্রকাশক কতটা বাণিজ্যিক সাফল্যের আশায় বা কতটা আমার নজরুল মূল্যায়নকে মর্যাদা দিয়ে এই বই ছাপছেন তা আমার জানা নেই।

কবি নজরুল ইসলামের জীবন ও কাব্য-অনুভব-আস্বাদনে নজরুল প্রতিভার নতুন এই সংস্করণ যদি কাজে লাগে তবেই শ্রম সার্থক হবে।

**লায়েক আলি খান**
কাজী নজরুল প্রফেসর
বর্ধমান বিশ্ববিদ্যালয়

বাংলা বিভাগ
গোলাপবাগ
৩১.০৭.০৯

# দ্বিতীয় সংস্করণের ভূমিকা

ঠিক দশবছর আগে নজরুল প্রতিভার প্রথম সংস্করণ প্রকাশিত হয়েছিল মজহারুল সাহেবের চেষ্টায়। প্রকাশের ২/৩ বছরের মধ্যে প্রথম সংস্করণ নিঃশেষ হয়ে গেলেও বইটির দ্বিতীয় সংস্করণ করার চেষ্টা করা হয়নি লেখক বা প্রকাশক কোনো পক্ষ থেকেই। বিভিন্ন কলেজের ছাত্রছাত্রী, অধ্যাপক ও অনেক নজরুলসন্ধানী উৎসাহী পাঠকের চাহিদা ও প্রেরণা সত্ত্বেও দ্বিতীয় সংস্করণ করার আর্থিক ঝুঁকি কেউ নিতে পারিনি। কেননা সম্প্রতি এজাতীয় গ্রন্থপ্রকাশ আর অর্থব্যয়ের দিক থেকে নিরাপদ নয়। নজরুলের জন্ম শতবর্ষ ভারত ও বাংলাদেশে নজরুলচর্চায় কিঞ্চিৎ কৌতূহল ও গতি সঞ্চার করবে, বলা বাহুল্য। এই ভরসায় নজরুল প্রতিভার দ্বিতীয় সংস্করণের প্রয়াস।

অত্যন্ত দ্রুততায় প্রথম সংস্করণ ছাপা হয়েছিল বলে বইটিতে অমার্জনীয় কিছু মুদ্রণ প্রমাদ ছিল। এবারে তা সংস্কার করার চেষ্টা হয়েছে। এই সংস্করণে তিনটি নতুন প্রবন্ধ সংযোজিত হোলো। 'নজরুলের কথাসাহিত্যে মুসলমান সমাজ ও চরিত্র', 'নজরুলের নাটক: মুসলমান প্রসঙ্গ' ও 'সঙ্গীত চর্চা, ইসলাম ও নজরুল ইসলাম'। প্রথম প্রবন্ধ দুটি আসলে কোলকাতা বিশ্ববিদ্যালয়ের অধীনে আমার পিএইচ.ডি. গবেষণার বিষয়-'বাংলা সাহিত্যে মুসলমান সমাজ ও চরিত্র'-এর অন্তর্গত ছিল। 'নজরুল প্রতিভা'য় প্রবন্ধ তিনটি থাকা যুক্তিসঙ্গত বিবেচনা করে দ্বিতীয় সংস্করণে এই সংযোজন। অবশ্য, কথাসাহিত্য বিষয়ক প্রবন্ধটার প্রথম অংশ 'নজরুল প্রতিভা'র প্রস্তুতিপর্ব-এ আগেই ব্যবহৃত হয়েছিল। কিছুটা পুনরাবৃত্তি হলেও বর্তমান প্রবন্ধকে অখণ্ডই ছাপা হোলো। এক সময়ে 'কাফেলা'য় ছাপার জন্য 'রুবাইয়াৎ ই হাফিজ ও নজরুল ইসলাম' প্রবন্ধটি আজীজ আল আমান সাহেব নিয়েছিলেন। কিন্তু পরবর্তীতে লেখাটার আর কোনো হদীস তিনি দিতে পারেন নি। এবং এখন তার কোনো কপি আমার কাছে না থাকায় প্রবন্ধটি এই সংস্করণে সংযোজন করা সম্ভব হোলোনা। হলে ভালো হোতো। অনুবাদক নজরুলের একটা সাধারণ পরিচয় পেতেন উৎসাহী পাঠক।

নজরুল প্রতিভা প্রথম সংস্করণ প্রকাশিত হলে সুনীল বসু রায় কবিতীর্থ চুরুলিয়া থেকে প্রকাশিত 'স্মরণিকা ১৯৮৮'তে তার একটা সমালোচনা করেছিলেন। তার জবাবে যে চিঠি লিখেছিলাম পরিশিষ্টে ঐ চিঠি ছেপে দেবার পরামর্শ দিয়েছেন কেউ কেউ, সে পরামর্শ মান্য করা সমীচীন বলে আমার মনে হয়েছে। আমার বিশ্ববিদ্যালয়ের ছাত্র মঞ্জুরুল হাসান এই সংস্করণের পাণ্ডুলিপি নির্মাণে সাহায্যের হাত এগিয়ে দিয়েছেন। তাঁর এই উদ্যম ও উৎসাহ ছাড়া দ্বিতীয় সংস্করণ প্রকাশ আরো বিলম্বিত হোতো। তাঁকে ধন্যবাদ জানিয়ে ছোটো করতে চাইনে। এই সংস্করণের প্রুফ দেখায় যাঁরা সাহায্য করেছেন, তাঁদের ঋণ শোধ করতে চাইনে, স্বীকার করি।

নজরুল প্রতিভার দ্বিতীয় সংস্করণ বাংলাভাষায় নজরুল চর্চাতে কিছুমাত্র সহায়ক হলে শ্রম সার্থক হবে।

**লায়েক আলি খান**
প্রধান, বাংলা বিভাগ
বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়

২৬ মে, ১৯৯৮

# ভূমিকা

আমাদের দেশে ব্যক্তি নজরুলকে নিয়ে গালগল্প যত লেখা হয়েছে ঠিক তত কম চর্চা হয়েছে কবি তথা শিল্পী নজরুলের সামগ্রিক সত্তার। বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ের স্নাতক সাম্মানিক বাংলা বিভাগে নজরুল পাঠ্য হওয়ায় শিল্পী নজরুলের মূল্যায়ন সম্পর্কিত চিন্তা ভাবনার একটা পথ খুলে গেল। এটা আনন্দের ব্যাপার।

এই সুবাদে 'নজরুল প্রতিভা' সম্পর্কিত আমার দীর্ঘকালীন ভাবনাগুলিকে একত্রিত করবার একটা চেষ্টা হয়েছে "নজরুল প্রতিভা" গ্রন্থে। সমকালীন যুগের প্রেক্ষাপটে নজরুল প্রতিভার বিকাশ, বিবর্তন ও ক্রমপরিণতির একটা ইতিবৃত্ত নিরপেক্ষ সমালোচকের দৃষ্টিতে দেখার চেষ্টা হয়েছে বইটির প্রবন্ধগুলিতে। বিভিন্ন তথ্য, বিশেষ করে নজরুলের রচনার সাক্ষ্যে, তাঁর শিল্পী সত্তার রূপরেখা অঙ্কনের এই প্রয়াস নজরুল সম্বন্ধে কৌতূহলী সর্বস্তরের পাঠককেই নতুন করে ভাবাবে আশা করি।

এই গ্রন্থ রচনার ক্ষেত্রে প্রত্যক্ষ ঋণ, তথ্যপঞ্জীর যথাস্থানে স্বীকৃত। কিন্তু পরোক্ষ ঋণের উৎস যদিও সীমাহীন তবু কয়েক জনের কথা উল্লেখ না করলে নিজেকে অপরাধী করা হবে। প্রথমে মনে পড়ে আমার বাবার কথা। পোষ্ট অফিসের কঠিন পরিশ্রম শেষে যিনি সন্ধ্যায় ফিরে কোলের কাছে টেনে নিতেন এক পাঁচ বছরের বালককে। তার পিঠে তাল দিয়ে দিয়ে শোনাতেন নজরুলের কবিতা- 'যেদিন আমি হারিয়ে যাবো-' এবং আরো অনেক। আজও সে স্মৃতি দুর্মর ভাবে আমাকে বিদ্ধ করে। কিংবা তাঁর কণ্ঠের ইকবালের শেকোয়ার প্রাথমিক পংক্তিগুলো আজও কানে বাজে। নজরুলের, সঙ্গে ইকবালের তুলনাত্মক আলোচনায় সাহায্যে করেছেন কলিকাতা বিশ্ববিদ্যালয়ের উর্দু সাহিত্যের পিএইচ.ডি.-র ছাত্রী সাহানাজ নবী। তাঁর অসুস্থতা নিয়েও তিনি আমাকে ইকবালের প্রয়োজনীয় পাঠ দিতে ছিলেন চরম উৎসাহী। কৃতজ্ঞতা জানিয়ে তাঁকে ছোট করবার দুঃসাহস আমার নেই। 'নজরুল ইসলাম রাজনৈতিক ব্যক্তিত্ব' প্রবন্ধটি রচনার ব্যাপারে নিজস্ব চিন্তা দিয়ে সাহায্য করেছেন আমার এককালের সহকর্মী, রাষ্ট্র বিজ্ঞান বিভাগের শ্রদ্ধেয় অধ্যাপক, বর্তমান মুর্শিদাবাদ ইসলামপুর কলেজের অধ্যক্ষ ড. মুজিবর রহমান সাহেব। এখানে তাঁর নাম স্মরণ-কৃতজ্ঞতায় নয়, আমার প্রতি তাঁর অনর্গল স্নেহের স্বীকৃতি হিসেবে। সহকর্মী সুজিত নারায়ণ চট্টোপাধ্যায়ও রচনাকালে নানান প্রসঙ্গে যুক্তিপূর্ণ আলোচনায় অংশগ্রহণ করে আমাকে কৃতজ্ঞ করেছেন।

এছাড়াও আমাকে উৎসাহিত করেছেন কাঁথি প্রভাতকুমার কলেজের বাংলা বিভাগের অধ্যাপকগণ। বিশেষ করে অধ্যাপক শিশিরকুমার দাস ও অধ্যাপক ডঃ সুধাংশুশেখর শাসমল মহাশয় আমাকে গ্রন্থটি প্রকাশনার জন্য উৎসাহ দিয়েছেন প্রতিনিয়ত। আমি তাঁদের ছাত্র। আমার জন্য তাঁদের নিরন্তর উচ্চাকাঙ্ক্ষা আমাকে উৎসাহী করেছে নিঃসন্দেহে। প্রবন্ধগুলো লেখার সময় অধ্যাপক ড: শ্রীমন্ত জানা মহাশয় অনেক সময় ধৈর্য ধরে আমার যুক্তিগুলো শুনেছেন। এবং উৎসাহিত করেছেন বইটি ছাপানোর চেষ্টা করতে। আর আছেন অগ্রজ প্রতিম শ্রীকমলকুমার মুখোপাধ্যায়।

যিনি সমগ্র পরিকল্পনার নেপথ্যে তাঁর সার্বিক সহযোগিতা দিয়ে আমাকে ঋণবদ্ধ করেছেন। বইটির পাণ্ডুলিপি তৈরী করেছিলেন বিশ্বরূপা সিনহা গভীর উৎসাহে। এ তাঁর বন্ধুকৃত্য বলে তিনি মনে করেছেন। বন্ধুবর আব্দুল কাবীর সাহেব (এম.এ)এর আন্তরিক অনুপ্রেরণাও আমাকে উৎসাহ দিয়েছে অনুক্ষণ। সর্বোপরি, নবজাতক প্রকাশনের দুঃসাহসী প্রকাশক মজহারুল ইসলাম সাহেবের চেষ্টা ও সাহায্য না থাকলে পরিচিতি ও প্রতিষ্ঠাহীন লেখকের বই প্রকাশিত হোতোনা এটা মানতেই হবে। নজরুল সম্বন্ধে তাঁর গভীর শ্রদ্ধা ও কৌতূহল আমার নজরুল প্রতিভার নব মূল্যায়নকে মর্যাদা দিয়েছে বলে আমি ধন্য।

অধ্যাপক, বাংলা বিভাগ
ডি. এন. কলেজ,
মুর্শিদাবাদ

**লায়েক আলি খান**

# সূচীপত্র

*নতুন সংস্করণের ভূমিকা* *ix*
*তৃতীয় সংস্করণের ভূমিকা* *xi*
*দ্বিতীয় সংস্করণের ভূমিকা* *xiii*
*ভূমিকা* *xv*

...

নজরুল প্রতিভার প্রস্তুতি পর্ব ১
নজরুলের বিদ্রোহ দর্শন ২২
নজরুল ইসলাম : রাজনৈতিক ব্যক্তিত্ব ৫০
নজরুল ইসলাম ও মুসলমান সমাজ ৬৩
রোমান্টিক নজরুল ৭৪
নজরুলের কথাসাহিত্যে মুসলমান সমাজ ও চরিত্র ১০৮
নজরুলের নাট্যসৃষ্টি : একটি সংক্ষিপ্ত মূল্যায়ন ১২৭
সঙ্গীত চর্চা, ইসলাম ও নজরুল ইসলাম ১৩৭
কবি নজরুল ইসলাম : ঔপনিবেশিক প্রেক্ষিত ও প্রসঙ্গ ১৪৫
নজরুলের কবিতায় ইসলামী পুরাণ ও জীবন অনুষঙ্গ ১৫৩
বাংলা শিশুসাহিত্য ও নজরুল ইসলাম ১৭৯
নজরুল কাব্যের রূপশৈলী : কবিতার আঙ্গিক, Myth প্রয়োগ, শব্দ, কাব্যদেহসজ্জার অমনযোগ ১৮৫

**পরিশিষ্ট**

১. সুনীল বসুরায়ের চিঠির উত্তর ১৯৪
২. নজরুল ইসলাম জীবনপঞ্জী, বংশ লতিকা, রচনা পরিচিতি ১৯৮

নজরুল প্রতিভা । ড. নায়েক আলি খান

AMITRAKSHAR PUBLISHERS™
AN ISO 9001:2015/QMS/092020/19534
website.: www.amitrakshar.co.in
Email.: amitraksharpublishers@gmail.com
Office: 1/199, Jodhpur Park, Gariahat Road, Kolkata - 700068
Phone :. 9735768900

https://www.amitrakshar.co.in/bok/
Price : ₹ 400/-
ISBN 978-93-6008-632-9
9 789360 086329